

# সেবা প্রক্রিয়া সহজিকরণ

## “সমবায় সমিতির নিরীক্ষা প্রক্রিয়া সহজিকরণ”

### ■ অডিট সহজিকরণে সুনির্দিষ্ট প্রস্তাবনাঃ

মালিকানা ও পরিচালনা পৃথক হওয়ায় হিসাবের সঠিকতা যাঁচাই ও প্রকৃত আর্থিক চিত্র প্রতিফলনের নিমিত্ত সমবায় সমিতির অডিটিং আবশ্যিক। সমবায় সমিতির অডিটিং নিবন্ধকের আইনী দায়িত্বও বটে। উক্ত সেবা পেতে সমবায় সমিতিতে ঈদানিং নানা হয়রানির শিকার হতে হচ্ছে। সাম্প্রতিক সময়ে সমবায় সমিতির অডিটের মান আশানুরূপ না হওয়ায় সমিতির প্রকৃত অবস্থা অডিট প্রতিবেদনে প্রতিফলিত হচ্ছে না। এছাড়াও সমবায় সমিতির সাথে অডিট অফিসারের অনৈতিক আর্থিক লেনদেনের অভিযোগও জানা যায়। উদ্ভূত সমস্যাসমূহ হতে উত্তরণের জন্য ও সমবায় সমিতির অডিট প্রক্রিয়া সহজিকরণের নিমিত্ত নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারেঃ

- ✓ সংশ্লিষ্ট অডিট বর্ষে লেনদেনবিহীন সমবায় সমিতির অডিট বরাদ্দ নিরুৎসাহিতকরণ
- ✓ সমিতির ব্যবস্থাপনা পর্ষদের জন্য হিসাব সংরক্ষণ এবং অডিটরদের সক্ষমতা তৈরী না হওয়া পর্যন্ত অডিট ম্যানুয়ালের পাশাপাশি সনাতন পদ্ধতি চালু রাখা
- ✓ জেলা পর্যায়ে অডিটযোগ্য সমবায় সমিতি ও অডিট অফিসারদের ডাটাবেইস তৈরী
- ✓ অডিট প্রতিবেদন প্রস্তুত খরচ দাপ্তরিকভাবে বহন করা
- ✓ অডিটের জন্য অডিটরের প্রণোদনা অথবা অর্জিত অডিট ফি হতে অডিটর কমিশনের বিধান রাখা
- ✓ অডিট অফিসার কর্তৃক অডিট পরিকল্পনা প্রণয়ন ও অফিস প্রধান কর্তৃক অনুমোদন নিশ্চিতকরণ
- ✓ সমবায় সমিতির হিসাব অটোমেশনের আওতায় আনার জন্য অ্যাকাউন্টিং সফটওয়্যার ও অ্যাপস তৈরী এবং দশ লক্ষ বা তদুর্ধ্ব মূলধনবিশিষ্ট সমবায় সমিতির জন্য উক্ত সফটওয়্যার ও অ্যাপস ব্যবহার বাধ্যতামূলক করা
- ✓ অডিট অফিসারের নিরপেক্ষতা নিশ্চিতকরণে স্বতন্ত্র অডিট অফিস খোলা এবং অন্তর্বর্তী সময়ের জন্য পৃথক অডিট সেল গঠন করা

■ TCV অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত সেবা বিশ্লেষণঃ

ক্ষেত্র	বিদ্যমান	প্রস্তাবিত
সময়	৪২ দিন	২৭ দিন
খরচ (দাপ্তরিক+নাগরিক)	৪,৮০০ টাকা	১,০০০ টাকা
ভিজিট	০৪ বার	০১ বার
ধাপ	১৪ টি	১০ টি
জনবল	০৭ জন	০৭ জন
সেবাপ্রাপ্তির স্থান	সমিতির কার্যালয়	সমিতির কার্যালয়
দাখিলীয় কাগজপত্রের সংখ্যা	২২ প্রকার	২২ প্রকার

- নোটঃ অডিটর কর্তৃক তিনবার সমিতিতে গমন বাবদ প্রতিবার ৬০০ হারে ১,৮০০ টাকা
- অডিটর কর্তৃক সমিতির হিসাব হালনাগাদ বাবদ গ্রহণ গড়ে ৩,০০০ টাকা
- প্রস্তাবিত পদ্ধতিতে অডিটর কর্তৃক সমিতিতে একবার গমন বাবদ দাপ্তরিক ব্যয় ৬০০ টাকা
- প্রস্তাবিত পদ্ধতিতে অডিট প্রতিবেদন প্রস্তুতকরণ বাবদ দাপ্তরিক ব্যয় ৪০০ টাকা
- উল্লেখ্য, প্রস্তাবিত পদ্ধতিতে অডিট বাবদ সমিতিকে কোনো ব্যয় করতে হবে না।

■ কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত চিত্রঃ

অডিট প্রক্রিয়া সহজিকরণ বাস্তবায়নের রোডম্যাপঃ

ক্রমিক নং	বিষয়	তারিখ
০১	সমবায় সমিতির হিসাব বিবরণী প্রাপ্তি	৩১ জুলাই, ২০১৮
০২	অডিট অফিসার নির্বাচন	০৫ আগস্ট, ২০১৮
০৩	অডিট বরাদ্দ প্রদান	০৬ আগস্ট, ২০১৮
০৪	অডিট বরাদ্দ আদেশ সমিতি ও অডিটরের নিকট প্রেরণ	০৯ আগস্ট, ২০১৮
০৫	অডিট পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন	১৩ আগস্ট, ২০১৮
০৬	অডিট নোটিশ প্রেরণ	১৯ আগস্ট, ২০১৮
০৭	ভেরিফিকেশন স্লিপ ইস্যু	২০ আগস্ট, ২০১৮
০৮	হিসাবের সঠিকতা যাচাই	২৭ আগস্ট, ২০১৮
০৯	অডিট প্রতিবেদন প্রণয়ন	২৯ আগস্ট, ২০১৮
১০	অডিট প্রতিবেদন প্রেরণ	৩০ আগস্ট, ২০১৮